# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত বিসিকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর নিমিত্ত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন, পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ)

স্থান: সভাপতি মহোদয়ের অফিস কক্ষ

সময়: সকাল ১০.৩০ মিনিট

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আসন গ্রহণের অনুরোধ জানান। গত ২১/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করা হয়।

০২। সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ;

| ক্র. নং | বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি (৩য় ত্রৈমাসিক) পর্যালোচনা | ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি (২য় ত্রৈমাসিক) এর নৈতিকতা কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। বাস্তবায়ন আগ্রগতি নিয়ে কমিটির সদস্যরা সন্তোষ প্রকাশ করেন। | ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিয়মিত কমিটির সভা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | অংশীজনের অংশগ্রহণে সভা ও প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভা | আগামী মার্চ মাসের মধ্যে ও মে মাসের মধ্যে স অংশীজনের অংশগ্রহণে সভা এবং প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভা ঢাকা বা ঢাকার বাহিরে আয়োজনের বিষয়ে আলোচনা হয়। বিসিকের উন্নয়ন ও সম্প্রসারণ সংক্রান্ত কার্যক্রম অর্থাৎ চার আঞ্চলিক কার্যালয়ের যেকোনো অর্ধবার্ষিক সম্মেলনের সাথে সমন্বয় করে অংশীজনের অংশগ্রহণে সভা এবং প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভা আয়োজন করা যেতে পারে কি না সে বিষয়ে আলোচনা হয়। অংশীজনের অংশগ্রহণ সভায় এবং প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভায় কারা উপস্থিত থাকবেন তাদের নামের তালিকা করা প্রয়োজন। এছাড়া অতিথিবৃন্দ, মুলবিষয় উপস্থাপনকারী, সংশ্লিষ্ট পরিচালক ও রেপোটিয়ারের সম্মানী রাখার বিষয়ে আলোচনা হয়। | ০১. অংশীজনের অংশগ্রহণে সভা এবং প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভা ০১ (এক) টি মার্চের মধ্যে অপরটি মে মাসের মধ্যে ঢাকা বা ঢাকার বাহিরে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি নামের তালিকা চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. অতিথিবৃন্দ, মুলবিষয় উপস্থাপনকারী, সংশ্লিষ্ট পরিচালক ও রেপোটিয়ারের সম্মানী রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | শুদ্ধাচার পুরস্কার | ২০২১ সালের সংশোধিত নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার পুরষ্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় প্রধান কার্যালয়ের সকল শাখা প্রধান এবং চার আঞ্চলিক কার্যালয়ে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। শুদ্ধাচার পুরষ্কার নীতিমালার ২০২১ (সংশোধিত) ৩.৩ ধারা অনুযায়ী প্রধান কার্যালয় হতে তিন ক্যাটাগরিতে ০৩ (তিন) জন (৯ম গ্রেড পর্যন্ত ১ জন, ১০ম- ১৬তম গ্রেড পর্যন্ত ১ জন এবং ১৭তম-২০তম গ্রেড পর্যন্ত ১ জন)। এছাড়া ০৪ (চার) আঞ্চলিক পরিচালক এবং ৬৪ (চৌষট্টি) টি জেলা কার্যালয় প্রধানসহ মোট ৬৮ (আটষট্টি) জনের মধ্য থেকে ১ জনসহ মোট ০৪ (চার) জনকে পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়। এছাড়া নীতিমালার ৩.৪ ধারা অনুযায়ী প্রতিটি জেলা কার্যালয় প্রধান ০৩ (তিন) ক্যাটাগরিতে ০৩ (তিন) জন মনোনয়ন দিয়ে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন। আঞ্চলিক পরিচালক জেলা কার্যালয় হতে প্রাপ্ত মনোনয়ন ও নিজ কার্যালয়ের কর্মচারীদের মনোনয়ন যাচাই-বাছাই করে ০৩ (তিন) ক্যাটাগরিতে ০৩ (তিন) জন অর্থাৎ চার আঞ্চলিক পরিচালক মোট ১২ (বার) জনকে চূড়ান্ত মনোনয়ন দিয়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। সভায় মোট ১৬ (ষোল) জনকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি নীতিমালার ৩.৪ ধারার বিষয়ে সবাই একমত না হওয়ায় চেয়ারম্যান বিসিক মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে পুরস্কারের সংখ্যা নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | ০১. চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে শুদ্ধাচার পুরস্কারের সংখ্যা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২. শুদ্ধাচার পুরস্কার মনোনয়নের জন্য প্রধান কার্যালয়ের সকল শাখা, আঞ্চলিক কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪. | বাজেট বিভাজন | ২০২১-২০২২ অর্থ বছরে শুদ্ধাচার কোডে ৩ লক্ষ টাকা বাজেট বরাদ্দ থাকলেও দুইটি অংশীজনের সভা, দুইটি প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভা, নৈতিকতা কমিটির চারটি সভা এবং শুদ্ধাচার পুরস্কারের জন্য বাজেটে বরাদ্দকৃত ০৩ লক্ষ টাকা অপর্যাপ্ত মর্মে সভায় আলোচনা হয়। ০১ (এক) টি অংশীজনের সভা ও ০১ (এক) টি প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভা একসাথে আয়োজন করলে ৬০,০০০ (ষাট হাজার) টাকা কম বেশি খরচ হতে পারে। সুতরাং দুটি অংশীজনের সভা, দুইটি প্লট বরাদ্দ নীতিমালা সম্পর্কে অবহিতকরণ সভা (৬০,০০০×২) =১২০,০০০ টাকা ও নৈতিকতা কমিটির চারটি সভা ২০০০×৪=৮০০০ টাকা এবং ১৬ (ষোল) জনকে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাবদ ৫,৬০,০০০ (পাঁচ লক্ষ ষাট হাজার) টাকাসহ মোট ৬৮৮,০০০ (ছয় লক্ষ আটাশি হাজার) টাকা খরচ হতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | বিসিক চেয়ারম্যান মহোদয়কে বাজেট বিষয়ে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ জাকির হোসেন)
পরিচালক
শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ
ও
সভাপতি
নৈতিকতা কমিটি, বিসিক, ঢাকা।

স্মারক নং-৩৬.০২.০০০০.০১৪.১৬.১৫৯.২১.৬২৯

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৮
২৭ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

০১. মহাব্যবস্থাপক,বিপণন বিভাগ,বিসিক,ঢাকা
০২.নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)বিসিক,ঢাকা
০৩.প্রধান নিরীক্ষা কর্মকর্তা,বিসিক,ঢাকা
০৪.উপমহাব্যবস্থাপক,কর্মীব্যবস্থাপনা বিভাগ,বিসিক,ঢাকা
০৫. উপমহাব্যবস্থাপক,প্রকল্প বিভাগ,বিসিক,ঢাকা
০৬.ব্যবস্থাপক,প্রশিক্ষণ শাখা,বিসিক,ঢাকা
০৭.আইসিটি সেল প্রধান,বিসিক,ঢাকা
০৮.বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,বিসিক,ঢাকা

অনুলিপি:

০১.পরিচালকের ব্যক্তিগত সহকারী,শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ বিভাগ,বিসিক,ঢাকা